

06

আলু : আলজেরিয়ায় বিলাসী খাদ্য

■ সিনছয়া

আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সের বাব আল কুয়েদের পার্শ্ববর্তী একটি বাজারে গত কয়েকদিন যাবৎ দীর্ঘ লাইন দিয়ে এক বিক্রেতাকে আলু বিক্রি করতে দেখা গেছে। তিনি প্রতিকেজি আলু ৬৫ আলজিয়ার্স দিনারে (প্রায় ০.৮৮ মার্কিন ডলার) বিক্রি করছেন। এই মূল্য গত ২ মাসের মধ্যে সর্বনিম্ন। যদিও ফসল ওঠার সময় এসেছে, তবুও ধারণা করা হচ্ছে আলজেরীয়দের প্রধান খাবার আলুর মূল্য প্রতিকেজি ১শ' আলজেরীয় দিনার দাঁড়াবে। তবে ফেব্রুয়ারিতে এর মূল্য ছিল মাত্র ৪৫ দিনার। এর অর্থ হলো, আলজেরিয়ায় আলু সাধারণ মানুষের জন্য আরো দুর্লভ ও বিলাসী খাদ্যে পরিণত হবে।

সরকার দাবি করেছে, শীত মৌসুমে ভয়াবহ তুষারপাত এবং ট্রাফিক জ্যামের কারণে কৃষকদের শস্য আহরণ বাধাগ্রস্ত হওয়ায় এবং মজুদ কমে যাওয়ায় ওই মূল্যবৃদ্ধি ঘটেছে। আলজেরিয়ার কৃষিমন্ত্রী রশিদ বেনাইসসা সম্প্রতি পার্লামেন্টে বলেছেন, ভুলে যাবেন না যে, আলজেরিয়ায় ভারি তুষারপাত এবং গ্রীষ্মমণ্ডলীয় বৃষ্টিপাত

হয়েছে যা দেশের বিভিন্ন এলাকায় চাষাবাদে বিঘ্ন ঘটিয়েছে এবং কৃষকদের মাঠে যেতে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে। এই পণ্য শস্য বাজারে পৌঁছানোর ক্ষেত্রে পরিবহন সমস্যাও সৃষ্টি হচ্ছে। প্রসঙ্গত, ফেব্রুয়ারিতে আলজেরিয়ায়

অস্বাভাবিক শীতে খাদ্য উপকরণের ব্যাপক ক্ষতি হয়। এতে সবজি, ফল ও গ্যাসের মূল্য অস্বাভাবিক বৃদ্ধি পায়।

ন্যাশনাল স্ট্যাটিস্টিক অফিসের (ওএনএস) রিপোর্টে বলা হয়েছে

ফেব্রুয়ারিতে আলজেরিয়ায় মুদ্রাস্ফীতি ছিল ৫.৩

শতাংশ, জানুয়ারিতে

ছিল ৪.৯ শতাংশ

এবং ভোজ্য

মূল্য সূচক

২০১১ সালের

ফেব্রুয়ারি

মাসের তুলনায় এ

বছর ফেব্রুয়ারিতে ৯.৩৪

শতাংশ বেড়েছে। প্রধানত

কৃষি উপকরণের দাম ১৯-২৭

শতাংশ বৃদ্ধি পাওয়ায় এই

মূল্যবৃদ্ধি ঘটেছে। প্রধান খাদ্য পণ্যের মধ্যে আলুর মূল্য

৪৬.৭৩ শতাংশ ডিমের মূল্য ২৬.৭ শতাংশ, সবজি ১৬.০১

শতাংশ ও ফলের মূল্য ৭.২৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

